# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন : ০২৩৩৪৪০৭৬৩২৮

website: www.comillaboard.gov.bd. E-mail: info@ comillaboard.gov.bd.


বিজ্ঞপ্তি নং- ৩০৭ তারিখঃ ১৬/১১/২৫

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।**

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও মাধ্যমিকযুক্ত উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে জানানো যাচ্ছে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ৯ম শ্রেণির শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য নির্দেশাবলি, নির্ধারিত ফি, সময়সূচি নিম্নরূপ:

**১. রেজিস্ট্রেশন ফি**

৯ম শ্রেণির শিক্ষার্থীদের (২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ) খাতওয়ারী রেজিস্ট্রেশন ফি এর হার নিম্নরূপ:

| ক্রমিক নং | খাত | টাকার পরিমান | বিলম্ব ফি | মোট ফি এর পরিমান | |
|---|---|---|---|---|---|
| | | | | বিলম্ব ফি-ব্যতিত | বিলম্ব ফি সহ |
| ০১ | রেজিস্ট্রেশন ফি | ১০০/- | ১০০/- | ৩২১/- | ৪২১/- |
| ০২ | ক্রীড়া ফি | ৫০/- | | | |
| ০৩ | স্কাউট ফি (ছেলে ও মেয়ে) | ২৫/- | | | |
| ০৪ | গার্ল গাইডস ফি | ১৫/- | | | |
| ০৫ | বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি | ০৫/- | | | |
| ০৬ | অন্ধ কল্যাণ ফি | ০৫/- | | | |
| ০৭ | বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | ১০০/- | | | |
| ০৮ | বিএনসিসি ফি | ০৫/- | | | |
| ০৯ | রেড ক্রিসেন্ট ফি | ১৬/- | | | |

* শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৯ম ও ১০ শ্রেণিতে (২০+২০) = ৪০/- টাকা রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। উক্ত ৪০ টাকা হতে ৬০% অর্থাৎ ২৪(চব্বিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ( আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য) রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ১৬(ষোল) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

**২. ৯ম শ্রেণির রেজিস্ট্রেশন করার সময়সূচি:**

| | |
|---|---|
| ১ | ফি জমাদানের তারিখ (বিলম্ব ফি ব্যতিত) : ১৮/১১/২০২৫ হতে ৩০/১১/২০২৫ খ্রি: পর্যন্ত। |
| ২ | e-SIF পূরণের তারিখ (বিলম্ব ফি ব্যতিত) : ১৮/১১/২০২৫ হতে ০২/১২/২০২৫ খ্রি. পর্যন্ত। |
| ৩ | বিলম্ব ফিসহ ফি জমাদান ও e-SIF পূরণের তারিখ : ০৪/১২/২০২৫ হতে ১৫/১২/২০২৫ খ্রি: পর্যন্ত। |
| ৪ | অনলাইনে প্রেরিত তথ্যের ভুলভ্রান্তি সংশোধনের তারিখ: ১৭/১২/২০২৫ হতে ২৪/১২/২০২৫ খ্রি: পর্যন্ত। |

**৩. নির্দেশনাবলি :**

ক) রেজিস্ট্রেশন কার্যে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক অধ্যয়নরত শিক্ষার্থীদের গ্রুপ/বিভাগ (মানবিক, বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা) এবং বিষয় সম্পর্কে অবগত করবেন। পরবর্তীতে শিক্ষার্থীরা তাদের অভিভাবকদের সাথে আলাপ করে কোন বিভাগ/ গ্রুপ নেবে তা নিশ্চিত হতে হবে। এরপর সংশ্লিষ্ট বিভাগ/গ্রুপে রেজিস্ট্রেশন করার জন্য শিক্ষার্থীরা প্রধান শিক্ষক বরাবর আবেদন করবে। উক্ত আবেদনে উল্লেখিত গ্রুপ/বিভাগ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত শিক্ষক সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।

**উল্লেখ্য, শিক্ষার্থীদের ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফল বিবেচনা করে গ্রুপ বিভাজন করা যেতে পারে।**

খ) অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য বোর্ডের ওয়েব সাইট web: www.comillaboard.gov.bd এ প্রবেশ করে রেজিস্ট্রেশন কর্নারে ক্লিক করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের EIIN, password এবং শিক্ষার্থীর সংখ্যা পূরণ করে Submit বাটনে ক্লিক করে **সোনালী পেমেন্ট গেটওয়ে (এসপিজি)** এর একাউন্ট ট্রান্সফারের মাধ্যমে ফি প্রদানপূর্বক শিক্ষার্থীর তথ্য (e-SIF) অনলাইনে পূরণ করতে হবে।

গ) রেজিস্ট্রেশন বিষয়ক কোন হার্ডকপি বা পে স্লিপ বোর্ডে জমা দিতে হবে না ।

ঘ) শিক্ষার্থীদের e-SIF পূরণের সময় শিক্ষার্থীর তথ্যাদি প্রদানকালে শিক্ষার্থীর রোলনম্বরের ঘরে রেজিস্ট্রেশন নম্বরের শেষের ০৬ টি ডিজিট রোলনম্বর হিসেবে ব্যবহার করতে হবে (কুমিল্লা বোর্ডের ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)। যেমন কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর 2411328012 হলে তার রোলনম্বর হবে 328012।

ঙ) ৮ম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ রেজিস্ট্রেশনধারী (২০২২,২০২৩ এবং ২০২৪ শিক্ষাবর্ষে ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশনধারী) শিক্ষার্থীরা অবশ্যই নবম শ্রেণিতে ভর্তি হবার সুযোগ পাবে। নবম শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বরসহ সকল তথ্য অনলাইনে এন্ট্রি করতে হবে। অনলাইনে আপলোডকৃত তথ্য না থাকলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন দাবি করা যাবে না।

অপর পাতায়-

চ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে 'বিশেষ চাহিদা সম্পন্ন কি না' তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

৪. বোর্ড যে সকল শাখা কিংবা বিষয় খোলার অনুমতি দিয়েছে শুধুমাত্র সে সকল শাখা কিংবা বিষয়ে শিক্ষার্থী রেজিস্ট্রেশন করা যাবে। বোর্ডের অনুমতিপ্রাপ্ত শাখা কিংবা বিষয় ছাড়া অন্য কোন শাখা কিংবা বিষয়ে শিক্ষার্থী রেজিস্ট্রেশন করার ফলে কোন জটিলতা সৃষ্টি হলে এর সম্পূর্ণ দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

৫. কোন শিক্ষার্থীকে একবার রেজিস্ট্রেশন করানো হলে নির্ধারিত মেয়াদের মধ্যে পুনরায় রেজিস্ট্রেশন করানো যাবে না।

৬. শিক্ষার্থীর বয়স ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন বছরের ১ জানুয়ারি ২০২৫ তারিখে ন্যূনতম বয়স ১২+ বছর এবং ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সর্বোচ্চ বয়স ১৮ বছর। তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

৭. Online ব্যতিত অন্য কোন উপায়ে রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

৮. বিদ্যালয়ের অদক্ষতা ও অবহেলার কারণে কোন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে এর সম্পূর্ণ দায়ভার বহন করতে হবে।

৯. বোর্ড সংশ্লিষ্ট কোন চিঠি ডাকযোগে প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে না। সকল আদেশ, বিজ্ঞপ্তি, তথ্য ইত্যাদি ওয়েবসাইটে দেয়া হচ্ছে। সংশ্লিষ্টদের নিয়মিত ওয়েবসাইট সার্চ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে হবে।

১০. সংশ্লিষ্ট শিক্ষার্থীর ৯ম শ্রেণির ভর্তি বহি এবং হাজিরা বহি অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে। কোন শিক্ষার্থীর দ্বৈত রেজিস্ট্রেশন হলে তার রেজিস্ট্রেশন বাতিল হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে এ দায় বহন করতে হবে।

১১. শিক্ষার্থীর ছবির উপরে শাখা ও ক্লাস রোল লিখতে হবে (যেমন-ক--০১ ,খ....০১, ক-০২, খ-- ০২ ইত্যাদি)।

১২. বোর্ড কর্তৃক সরবরাহকৃত মোবাইল সিম ব্যবহার করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১৩. উপর্যুক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে বহন করতে হবে।

১৪. রেজিস্ট্রেশনের চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ডকপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

১৫. শিক্ষার্থীদের নিকট থেকে নির্দিষ্ট ফিসের অতিরিক্ত ফি কোনক্রমেই আদায় করা যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-
**(আবু সালেহ মোঃ তারিক মাহমুদ)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা
ফোন নং-০২৩৩৪৪০২৭৬০

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং-রেজি:/৬ষ্ঠ,মাধ্য ও জেএসসি/ ৫৮২ (২২০০) তারিখ: ১৬/১১/২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর
২. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৩. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৭. এ বোর্ডের সকল কর্মকর্তা
৮. জেলা শিক্ষা কর্মকর্তা, কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর
৯. এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
১০. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বিআইএসই বিল্ডিং শাখা, কুমিল্লা
১১. এ বোর্ডের সকল সেকশন অফিসার ও সমপর্যায়ের কর্মচারীবৃন্দ এবং অনুসন্ধান শাখা
১২. পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
১৩. সংশ্লিষ্ট নথি

১৬/১১/২৫
**(আবু সালেহ মোঃ তারিক মাহমুদ)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা
ফোন নং-০২৩৩৪৪০২৭৬০